

ভাষা
আন্দোলনের

বই তৈরি
বালো চাই


৬২

বাহর

পাঠাভ্যাস তৈরিতে বই পৌছাতে হবে তৃণমূলে

— সিরাজুল ইসলাম চৌধুরী
পৃষ্ঠা পোষক

অনর একুশের গ্রন্থমেলা-২০১৪ সম্পর্কে



অভিনত জানতে চাইলে দেশের বিশিষ্ট শিক্ষাবিদ-প্রফেসর ইয়েরিটাস ড. সিরাজুল ইসলাম চৌধুরী বলেন, এবারের বইমেলা

মোহরাওচাঁপী উদ্যানে করার সিদ্ধান্তটি ইতিবাচক। বাংলা একাডেমির অপরিসর প্রাঙ্গণ থেকে উন্মুক্ত উদ্যানের এই আয়োজন বইমেলা পঠক এবং সংকুচিতমনস্ক মানুষকে যোদামুখী করবে। ইতিপূর্বে ঢাকা বিশ্ববিদ্যালয়ের খেলার মাঠে জাতীয় গ্রন্থকেন্দ্র একবার মেলা করেছিল, তাতে যে প্রতিবেশ করেছিল বইপ্রেমীরা এবারও সেই হত্তি মিলবে মেলায় সুপরিসর প্রাঙ্গণের জন্য।

বইকে জীবনের অনুধারী করে তোলায় জন্য কী কী করণীয়? এ প্রশ্ন করা হলে তিনি বলেন, বইকে জীবনের অনুধারী করে তোলায় জন্য পাঠাভ্যাস বাড়াতে হবে। পাঠাভ্যাস নানা কারণে কমে যাচ্ছে তাই পাঠাভ্যাস বাড়াতে প্রকাশক, লেখকসহ দেশের সংবাদপত্র এবং অন্য গণমাধ্যমগুলোকেও ভূমিকা পালন করতে হবে।

ড. সিরাজুল ইসলাম চৌধুরী আরও বলেন, বইমেলা কেবল ঢাকায় মাসব্যাপী হবে : পৃষ্ঠা ১৪ : ফলাস ৪

হবে : বই পৌছাতে

(১ম পৃষ্ঠার পর)

সাংস্কৃতিক উদ্যোগ হিসেবে ধরলে পাঠাভ্যাস বাড়বে না। তাই আমার মনে হয়, মারা বছরই বইকেন্দ্রিক মেলা, প্রতিযোগিতা, অন্যান্য তৎপরতা দেশের বিভিন্ন জেলা, উপজেলা ও সন্থ গ্রামে আয়োজন করতে হবে। অনেক আগে জাতীয় গ্রন্থকেন্দ্র এই কাজটি করত জেলায় জেলায় ভ্রাম্যমাণ বইমেলা, একাডেমির জন্য তাদের একটি বইয়ের কান্ডার জানও ছিল। স্বাধীনতার পর মুক্তধারার চিত্তরঞ্জন পায় বইকে মারা বাংলাদেশে ছড়িয়ে দেবার জন্য মুক্তধারার নিজস্ব বিপণন কার্যক্রম গড়ে তুলেছিলেন— সেই রকম উদ্যোগ আরও বেশি জরুরি বর্তমান সময়ে।

সরকার দেশের ইউনিয়ন পর্যায়ে তথ্যকেন্দ্র স্থাপন করেছে। সেগুলো ইউনিয়নের মানুষদের ই-তথ্য সেবা প্রদান করেছে এই ইউনিয়ন তথ্য কেন্দ্রগুলোতে একটি ছোট পাঠাগার সংযোজন প্রয়োজন বলে মনে করেন কি? এ প্রশ্নের জবাবে, ড. সিরাজুল ইসলাম চৌধুরী বলেন, ইউনিয়ন তথ্যসেবা কেন্দ্র স্থাপনের সরকারি উদ্যোগটির সঙ্গে অতিআবশ্যিকভাবে লাইব্রেরি মুক্ত করা প্রয়োজন। লাইব্রেরি মুক্ত হলে তথ্য সেবাকেন্দ্রটি প্রকৃত অর্থে স্বয়ংসম্পূর্ণতা পাবে বলে আমি মনে করি। বইকে তৃণমূল পর্যায়ে মানুষের হৃদয়ে লাগালে পৌছে দিতে, দেশব্যাপী পাঠাভ্যাস গড়ে তোলার জন্য— এটি একটি সুন্দর সুযোগ। এই সুযোগকে কাজে লাগানোর প্রয়োজন। এবারের বইমেলায় তাঁর রচনাবলীসহ কয়েকটি প্রবন্ধের বই বের হচ্ছে।